রাজশাহী বোর্ড-২০১৫

**বিষয় ঃ বাংলা ১ম পত্র (সৃজনশীল)** **বিষয় কোড: ১০১**

**সময় ঃ ২ ঘণ্টা ১০ মি.** **পূর্ণমান- ৬০**

***[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রন দূষণীয়।]***

**'ক'-বিভাগ (গদ্য)**

**১.▶** স্ত্রীর দেয়া বিষপানে মৃত্যুকালে ইমাম হাসান তাঁর বিষদাতার পরিচয় জানতে পেরেও তাকে উদ্দেশ্য করে বলেন, "তোমাকে বড়ই ভালবাসিতাম, বড়ই স্নেহ করিতাম, তাহার উপযুক্ত কার্যই তুমি করিয়াছ। তোমার চক্ষু হইতে হাসান চিরতরে বিদায় হইতেছে। সুখে থাক, তোমাকে আমি ক্ষমা করিলাম।"

ক. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে 'স্থিতধী' বলা হয়েছে কাকে? ১

খ. তাঁহারই দিকে সকলের মহাযাত্রা' কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিফলিত দিকটি ছাড়াও হযরত মুহম্মদ (স.) অন্যান্য গুণে গুণান্বিত ছিলেন– 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.▶** দশ বছরের মা মরা মেয়ে রাবেয়া গৃহকর্মীর কাজ করে নিজের এবং অসুস্থ বাবার অন্ন সংস্থান করে। চিকিৎসার অভাবে রাবেয়াকে ছেড়ে একদিন বাবা ইহধাম ত্যাগ করেন। দাফন কাফনের খরচ এবং কবরের জায়গা না থাকায় রাবেয়া গাঁয়ের মোড়লের সহযোগিতা চেয়ে খালি হাতে ফিরে আসে। অনন্যোপায় হয়ে বাবার মৃতদেহের পাশে বসে কাঁদতে থাকে। প্রতিবেশী মনসুর এ খবর পেয়ে রাবেয়ার পাশে দাঁড়ায় এবং যাবতীয় ব্যবস্থা করে।

ক. গ্রামের শ্মশানটি কোন নদীর তীরে অবস্থিত? ১

খ. 'তোর হাতের আগুন যদি পাই বাবা, বামুন মার মত আমিও সগ্যে যেতে পাবো।"— উক্তিটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে মনসুর এবং 'অভাগীর স্বর্গ' গল্পের গোমস্তা অধর রায় একে অন্যের বিপরীত — ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ফুটে উঠা বিষয়টি ছাড়াও 'অভাগীর স্বর্গ' গল্পে অন্যান্য বিষয়ের আলোচনা রয়েছে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৩.▶ আবুল হোসেন মিঞা পৌরসভার চেয়ারম্যান এবং জনদরদী নেতা। সমাজের উঁচু তলার মানুষের চেয়ে নিচু শ্রেণির মানুষের সঙ্গে তাঁর চলাফেরা বেশি। তাদের সুখ-দুঃখের তিনি সঙ্গী। তাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে রাস্তা সংস্কার এবং নর্দমা পরিস্কারের কাজ করেন। তিনি বলেন, "এরাই আমার আসল শক্তি"।

ক. 'দুর্দিনের যাত্রী' কোন ধরনের গ্রন্থ? ১

খ. দেশের অধিবাসী লইয়াই তো দেশ এবং ব্যক্তির সমষ্টিই তো জাতি। — বাক্যটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের মধ্যে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'এরাই আমার আসল শক্তি'— উদ্দীপকের চেয়ারম্যানের এই উক্তিটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

## খ অংশ — কবিতা

৪.▶ লন্ডনে আসার মাস তিনেক হলো, পড়াশোনার চাপে এদিকটায় আসাই হয়নি তানজিমের। আজ বিকেলে এই প্রথম সে টেমস্ নদীর পাড়ে এলো। নদীর গতিশীল স্রোতের দিকে চোখ পড়তেই দুরন্ত শৈশবের স্মৃতি বিজড়িত পদ্মাপাড়ের দিনগুলোর কথা মনে পড়ে গেল। হঠাৎ লন্ডনের মতো অত্যাধুনিক শহর তার কাছে কেমন যেন বিষাদময় মনে হতে লাগলো।

ক. মাইকেল মধুসূদন দত্ত কত সালে পরলোক গমন করেন? ১

খ. 'স্নেহের তৃষ্ণা' বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের তানজিমের সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার কবির কোন দিকটির সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি' কপোতাক্ষ নদ কবিতার খণ্ডচিত্র মাত্র।– উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৫.▶ জ্যোতির বয়স এবার বারো পেরোলো। বড় দুরন্ত ছেলে। রোজ বিকেলে দূরের মাঠে খেলতে যায় সে। ফিরতে ফিরতে সন্ধ্যা। একাকী বাসায় এ সময়টা

http://teachingbd.com

বড় দুশ্চিন্তায় কাটে তাসমিনা আফরোজের। ছেলেকে নিয়ে নানা আশা ও আশঙ্কায় জায়নামাজে বসে একনাগাড়ে দোয়া পড়তে থাকেন তিনি।

ক. ঘরের চালে কী ডাকে? ১

খ. তারি সাথে সাথে বিরহী মায়ের একেলা পরান দোলে।— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটির মূলভাব 'পল্লিজননী' কবিতার পুরোপুরি প্রতিনিধিত্ব করে না। উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৬.** ▶ ভাষার দাবীকে ভূলুণ্ঠিত করার জন্য পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি তারিখে পূর্ব-বাংলায় ১৪৪ ধারা জারি করে। কিন্তু এদেশের ছাত্র সমাজ প্রতিবাদমুখর হয়ে ১৪৪ ধারা ভঙ্গ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বর থেকে মিছিল বের করে। মিছিলে পুলিশ লাঠিচার্জ, টিয়ার গ্যাস নিক্ষেপ এবং গুলি চালায়। এতে সালাম, বরকত, রফিকসহ অনেকে শহিদ হয়। অবশেষে সর্বস্তরের জনগণ এ আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে।

ক. কার ফুসফুস এখন পোকার দখলে? ১

খ. শহরের বুকে জলপাই রঙের ট্যাংক এলো কেন? ২

গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে — ব্যাখ্যা কর। ৩

ঘ. ফুটে উঠা দিকটি ছাড়াও 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতায় আরও নানা দিক রয়েছে — মন্তব্যের যথার্থতা নিরূপণ কর। ৪

## গ অংশ — সহপাঠ

**৭.** ▶ আমেরিকায় পড়াশোনার জন্য যাবার সকল প্রস্তুতি সম্পন্ন রুমীর। কিন্তু বেঁকে বসল সে। দেশকে শত্রুর কবল থেকে রক্ষা করার জন্য অসাধারণ মেধাবী আর সাহসী রুমী মুক্তিযুদ্ধে যোগ দেবার সিদ্ধান্ত নেয়। পিতা-মাতার শত আপত্তি উপেক্ষা করে অবশেষে গেরিলা যোদ্ধা হিসেবে দুই নম্বর সেক্টরে যোগ

Teachingbd.com

দেয়। একের পর এক আক্রমণে পাক-সেনাদের অতিষ্ট করে তোলে। এক পর্যায়ে তাদের হাতে বন্দি হয় সে। প্রাণ রক্ষা চেয়ে শত্রুর কাছে মার্সি পিটিশন করা পছন্দ করল না সে। শেষ পর্যন্ত বুমী শহিদ হয়।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১

খ. লোহার টুপি ওদের মগজ খেয়েছে। — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বুমীর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের মিল ব্যাখ্যা কর। ৩

ঘ. মিল থাকলেও কিছু ক্ষেত্রে অমিলও রয়েছে — মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৮.▶** মা মরা ছেলে রতন ও মেয়ে ময়নাকে নিয়ে ছমির মাস্টারের সংসার। গাঁয়ের মোড়লের নজর পড়ে ময়নার উপর। বিয়ের প্রস্তাব দেয়। কিন্তু মাস্টার তাতে রাজি হয় না। একরাতে ছেলে রতনকে নিয়ে গঞ্জ থেকে ফেরার পথে মোড়লের লোকজন মাস্টারের ওপর ঝাঁপিয়ে পড়ে। বাধা দিতে গেলে রতনকেও বেদম প্রহার করে। পরদিন সকালে উঠানে শায়িত বাবা ও ভাইয়ের লাশ দেখে ময়না বাকশক্তি হারা হয়ে পড়ে।

ক. গাঁয়ের লোকে বুধার কি নাম দিয়েছে? ১

খ. বুধার চোখ লাল হয়ে যায় কেন? ২

গ. উদ্দীপকের ময়না এবং বুধার পরিণতি একই —ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিণতি এক হলেও প্রেক্ষাপট ভিন্ন — মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৯.▶** রাহেলার বয়স তের। দিনমজুর বাবা যৌতুকের টাকার অভাবে পিতার বয়সী এক লোকের সাথে বিয়ে ঠিক করে। তীব্র প্রতিবাদ জানিয়ে বিয়ে ভেঙে দেয় রাহেলা। গার্মেন্টসে চাকরি করে বাবার কষ্ট নিবারণে দৃঢ় প্রতিজ্ঞ হয় সে।

ক. 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১

খ. একবার ঝুট কথা বললে উপায় নেই কেন? ২

গ. উদ্দীপকে 'বহিপীর নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর।৩

ঘ. উদ্দীপকের রাহেলা এবং 'বহিপীর' নাটকের তাহেরা সর্বক্ষেত্রে একরম নয় — মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# রাজশাহী বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'বহিপীর' নাটকটি কত সালে প্রথম প্রকাশিত হয়?
ক) ১৯৫০ খ) ১৯৬০
গ) ১৯৬৫ ঘ) ১৯৭০

উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বকুল পড়াশুনা করার জন্য শহরে চলে যাচ্ছে। এ জন্য তার ভাই তূর্য ঝরঝর করে কাঁদতে শুরু করল।

২. উদ্দীপকের তূর্যের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের মিল রয়েছে?
ক) ফুলকলি খ) কুন্তি
গ) নোলক বুয়া ঘ) বুধার চাচি

৩. উভয় চরিত্রের এই মিল যে কারণে তা হলো—
i. স্নেহশীলতা ii. আবেগপ্রবণতা
iii. ভ্রাতৃত্ববোধ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. বিধাতা বাঙালিকে নবনীর কোন গুণ দিয়ে গড়েছেন?
ক) কোমলতা খ) মাধুরী
গ) তরলতা ঘ) সৌরভ

৫. 'পল্লিজননী' কবিতায় রুগ্ণ ছেলেটির মুমূর্ষু অবস্থাকে কীসের সাথে তুলনা করা যায়?
ক) নিবুনিবু দীপ খ) কুয়াশা-কাফন
গ) মাটির প্রদীপ ঘ) নীড়ের পাখি

৬. ব্যক্তির সমষ্টি নিয়ে গঠিত হয়—
ক) সম্প্রদায় খ) শ্রেণি
গ) জাতি ঘ) দেশ

৭. 'তিনি রাজি আছেন, আমি রাজি নই। আমি এভাবে টাকা নিতে পারি না'— হাসেম আলির এ উক্তিতে প্রকাশ পেয়েছে—
i. মানবিক মূল্যবোধ ii. সচেতনতাবোধ
iii. সন্তান বাৎসল্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. 'গুলি। মুখ থুবড়ে পড়ে গেল সালাম চাচা
গুলি। পড়ে গেল রবিদা।'
উদ্দীপকে প্রকাশিত দিকটি 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতার কোন পঙ্‌ক্তির সাথে ভাবগত সাদৃশ্য রয়েছে?
ক) মোল্লাবাড়ির এক বিধবা দাঁড়িয়ে আছে
খ) থুরথুরে এক বুড়ো উদাস দাওয়ায় বসে আছে
গ) একটানা আর্তনাদ করল একটা কুকুর
ঘ) ছাত্রাবাস বস্তি উজাড় হলো

৯. 'সংগীতের কুসুম' বলতে রবীন্দ্রনাথ কী বোঝাতে চেয়েছেন?
ক) বাঁচার আকুলতা খ) অমরত্ব লাভ
গ) মহৎ সৃষ্টিকর্ম ঘ) মানুষের অনুভূতি

১০. 'ঝর্ণা' কবিতায় ঝর্ণা চায়—
ক) চন্দ্রমা খ) আংরাখা
গ) টগর ফুল ঘ) মুগ্ধ চোখ

১১. কবি আহসান হাবীবের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?
ক) ছায়া হরিণ খ) সারা দুপুর
গ) আশায় বসতি ঘ) রাত্রি শেষ

১২. 'বাবা, আমাদের তবে এবার পথে ভাসালে?' এখানে 'পথে ভাসা' বলতে বোঝানো হয়েছে—
i. পথে বের করে দেওয়া
ii. বিপদে ফেলা
iii. আশ্রয়হীন করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. যৌথ পরিবারে সবার রান্নাবান্না থেকে শুরু করে সব ধরনের কাজের তদারকি করে মোহিনী। কিন্তু সে খেয়েছে কি না, কেউ তাকে জিজ্ঞাসা করে না। উদ্দীপকের ভাবটি কোন গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) মমতাদি খ) নিমগাছ
গ) অভাগীর স্বর্গ ঘ) দেনা পাওনা

উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'এই বাংলায়
তোমাকে আসতেই হবে হে স্বাধীনতা'।

১৪. উদ্দীপকের এই প্রত্যাশার নিবৃত্তি হয়েছে 'সাহসী জননী বাংলা' কবিতার কোন পঙ্‌ক্তিতে?
ক) এসেছি জননী বঙ্গে স্বাধীনতা উড়িয়ে উড়িয়ে ...
খ) তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয় মাসে
গ) কার রক্ত ছুঁয়ে শেষে হয়ে গেল ঘৃণার কার্তুজ
ঘ) গ্রেনেড উঠেছে হাতে ...... কবিতার হাতে রাইফেল

১৫. উক্ত প্রত্যাশা পরিপূর্ণতা লাভ করেছে—
i. দেশবাসীর সংগ্রামের মাধ্যমে
ii. বাঙালির ইস্পাতদৃঢ়তার মাধ্যমে
iii. অশুভ শক্তিকে পরাভূত করার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. অনেকদিন 'ও' বুড়িকে গোবর কুড়িয়ে দিয়েছে— এখানে 'ও' কে?
ক) কুন্তি খ) মধু
গ) ফুলকলি ঘ) বুধা

১৭. নাটকের প্রাণ হলো—
ক) কাহিনী খ) চরিত্র
গ) গল্প ঘ) সংলাপ

১৮. শিক্ষার মাধ্যমে কীসের বিকাশ ঘটে?
ক) বুদ্ধির খ) জ্ঞানের
গ) অন্ন চিন্তার ঘ) মনুষ্যত্বের

১৯. 'সেইদিন এই মাঠ' কবিতায় নক্ষত্রের তলে স্বপ্ন দেখবে কে?
ক) চালতা ফুল খ) নদী
গ) লক্ষ্মী পেঁচা ঘ) খেয়া নৌকা

২০. প্রকৃতপক্ষে বাংলার স্বাধীনতা সূর্য কত সালে অস্তমিত হয়?
ক) ১৭৫৭ খ) ১৮৫৭
গ) ১৯৪৮ ঘ) ১৯৫২

Teachingbd.com

http://teachingbd.com

২১. রফিকের এক হাত না থাকা সত্ত্বেও সে রিকশা চালিয়ে এস.এস.সি পরীক্ষায় জি.পি.এ-৫ পেয়েছে। 'অন্ধবধূ' কবিতায় অন্ধবধূর সাথে উদ্দীপকের রফিকের পার্থক্য—
ক) অন্তর্দৃষ্টি প্রসারণের ক্ষেত্রে
খ) মেধা ও মননে
গ) ইন্দ্রিয় সচেতনতায়
ঘ) প্রতিবন্ধকতা দূরীকরণে

২২. 'আমার পরিচয়' কবিতায় কবি বাঙালি জাতির বিদ্রোহের ঐতিহ্য নিম্নের কোন পঙ্‌ক্তির মাধ্যমে প্রকাশ করেছেন?
ক) আমি তো এসেছি কৈবর্তের বিদ্রোহী গ্রাম থেকে
খ) আমি তো এসেছি সার্বভৌম বার ভূঁইয়ার থেকে
গ) এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্য সেনের থেকে
ঘ) আমি যে এসেছি একাত্তরের মুক্তিযুদ্ধ থেকে

২৩. 'শাজাহান' নাটকটি কে রচনা করেন?
ক) দীনবন্ধু মিত্র খ) দ্বিজেন্দ্রলাল রায়
গ) অমৃতলাল বসু ঘ) গিরিশচন্দ্র ঘোষ

২৪. 'বামাস্বর' শব্দের অর্থ কী?
ক) ঘোর প্যাঁচ খ) ছলাকলা
গ) স্ত্রী কণ্ঠ ঘ) উচ্চৈঃস্বর

২৫. পয়লা বৈশাখের আনন্দানুষ্ঠানের প্রাণকেন্দ্র আজ শহরে, বিশেষভাবে ঢাকায়— কী কারণে?
ক) অর্থনৈতিক খ) সামাজিক
গ) সাংস্কৃতিক ঘ) ঐতিহ্যগত

২৬. 'লইয়ে যে তব নাম বঙ্গের সংগীতে'— এখানে 'তব নাম' বলতে বোঝানো হয়েছে—
ক) বঙ্গজ জনকে খ) কপোতাক্ষ নদকে
গ) বাংলাদেশকে ঘ) বাংলা ভাষাকে

**উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
মিজান সাহেব মিষ্টির প্যাকেট নিয়ে রিক্সায় বাড়ি ফেরার পথে যানজটে আটকে গেলে, একটি ক্ষুধার্ত পথশিশু তাঁর কাছে টাকা চায়। তিনি তাঁকে দূর দূর করে তাড়িয়ে দেন।

২৭. উদ্দীপকের মিজান সাহেবের আচরণের সাথে 'মানুষ' কবিতার সাদৃশ্যপূর্ণ উক্তিটি হলো—
ক) ভুখারি ফিরিয়া চলে
খ) মর গো-ভাগাড়ে গিয়ে
গ) গোস্ত-রুটি নিয়া মসজিদে দিল তালা
ঘ) সহসা বন্ধ হলো মন্দির

২৮. 'মানুষ' কবিতার কবির মতে, মিজান সাহেবের মতো মানুষেরা—
i. স্বার্থপর
ii. অহংকারী
iii. আত্মকেন্দ্রিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৯. 'খাল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক) গ্রিক খ) তুর্কি
গ) তামিল ঘ) মলয়ালি

৩০. 'পাঁড়ে, ব্যাটাকে গলাধাক্কা দিয়ে বার করে দে ত!— অধর রায়ের এ উক্তিতে প্রকাশ পেয়েছে—
ক) উপেক্ষা খ) তাচ্ছিল্য
গ) বিরক্তি ঘ) উপহাস

৩১. কার স্মৃতি রক্ষার্থে হজব্রতীরা সাফা-মারওয়া দৌড়ে থাকেন?
ক) হযরত ইসমাইল (আ.)
খ) হযরত ইবরাহিম (আ.)
গ) বিবি হাজেরা (রা.)
ঘ) আয়েশা (রা.)

৩২. কোন গ্রন্থ থেকে 'মমতাদি' গল্পটি সংকলন করা হয়েছে?
ক) জননী খ) সরীসৃপ
গ) চিহ্ন ঘ) সহরতলী

৩৩. 'বই পড়া' প্রবন্ধে গুরুকে উত্তরসাধক বলা হয়েছে, কারণ গুরু—
ক) শিষ্যের আত্মাকে উদ্বোধিত করেন
খ) শিষ্যকে শিক্ষা দান করেন
গ) শিষ্যের জ্ঞান বৃদ্ধি করেন
ঘ) শিষ্যকে পড়া মুখস্থের তাগিদ দেওয়ায়

**উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
পটুয়াখালীর রাখাইন নারীরা গৃহকর্মের পাশাপাশি কৃষিকাজ, ব্যবসা-বাণিজ্যও দেখাশুনা করে।

৩৪. উদ্দীপকের রাখাইন নারীদের মধ্যে 'পালামৌ' রচনার কোল নারীদের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে—
ক) কর্মময়তা খ) স্বাধীনতা
গ) উচ্ছলতা ঘ) সৌন্দর্যময়তা

৩৫. নিচের কোন বাক্যে উক্ত বৈশিষ্ট্য ফুটে উঠেছে?
ক) গৃহকার্য, কৃষিকার্য সকল কার্যই তাহারা করে
খ) সকলেই আহ্লাদে পরিপূর্ণ, আহ্লাদে চঞ্চল
গ) সকলের মাথায় বনপুষ্প, কর্ণে বনপুষ্প, ওষ্ঠে হাসি
ঘ) তাহাদের স্ত্রী জাতিরাই বলিষ্ঠ ও আশ্চর্য কান্তি বিশিষ্টা

৩৬. মধুর মা বুধাকে আদর করে কেন?
ক) বুধার কেউ নেই বলে
খ) বুধার মধ্যে মধুর প্রতিচ্ছবি আছে
গ) বুধা মধুর মতো সাহসী সেজন্য
ঘ) বুধার থাকার জায়গা নেই বলে

৩৭. বাগান করা কার নেশা ছিল?
ক) জামীর খ) রুমীর
গ) জাহানারা ইমামের ঘ) শরীফ সাহেবের

৩৮. ফটিক সারাক্ষণ মাঠে-ঘাটে ঘুরে বেড়ায়। সব বিষয়ে তার জানার অসীম আগ্রহ। —ফটিক চরিত্রের সাথে অপু-দুর্গা যেদিক থেকে সাদৃশ্যপূর্ণ তা হলো—
i. কৌতূহলপ্রবণ ii. চঞ্চলতা
iii. প্রকৃতি ঘনিষ্ঠ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৯. রৌদ্রদগ্ধ ধানক্ষেত কার স্পর্শ পেতে চায়?
ক) হাওয়ার খ) বৃষ্টির
গ) পরির ঘ) ছায়ার

৪০. পৃথিবীতে বরণীয় হওয়া যায় কীভাবে?
ক) অতীতের কথা চিন্তা না করে
খ) মহাজ্ঞানীদের পথ অনুসরণ করে
গ) বাহ্যদৃশ্যে না ভুলে
ঘ) ভয়ে ভীত না হয়ে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক |
| ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | খ |

http://teachingbd.com